

বি-আর পাওয়ারজেন লিঃ
ঢাকা স্কয়ার, বাড়ী-০১, রোড-১৩, সেক্টর-০১
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

বি-আর পাওয়ারজেন লিঃ এর বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগের তালিকা (২০২২-২৩)


উদ্ভাবনী ধারণা

শিরোনামঃ হাই টেম্পারেচার কুলিং ওয়াটার (HTCW) অপচয়রোধ ও কেমিক্যাল ব্যয়
হ্রাসকরণ

আইডিয়ার বিবরণঃ কন্ডা ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রে স্থাপিত নয়টি ইঞ্জিনে হাই টেম্পারেচার কুলিং ওয়াটার (HTCW) ব্যবহৃত হয় যা মূলত ইঞ্জিন চালু অবস্থায় সিলিন্ডারে উৎপন্ন তাপমাত্রা ও ইনটেক এয়ার তাপমাত্রাকে কমিয়ে রাখতে সাহায্য করে। HTCW এর অর্থ হল হাই টেম্পারেচার কুলিং ওয়াটার, যা ইঞ্জিনের চার্জ এয়ার কুলার এবং জ্যাকেটিং ওয়াটার হিসেবে ব্যবহৃত হয়। ইঞ্জিন সিলিন্ডারে রক্ষণাবেক্ষণের সময় এই HT কুলিং ওয়াটার ও জ্যাকেটিং ওয়াটার বের করে ফেলার প্রয়োজন হয়। তবে বর্তমানে জ্যাকেট ওয়াটার ডেন লাইন এর সাথে ওয়াটার মেইনটেন্যান্স ট্যাংকের সরাসরি সংযোগ না থাকায় ইঞ্জিন রক্ষণাবেক্ষণের সময় জ্যাকেট ওয়াটার ড্রামের মাধ্যমে মেইনটেনেন্স ট্যাংকে নিয়ে যাওয়া হয় অথবা ফেলে দেওয়া হয়। যার ফলশ্রুতিতে কেমিক্যালযুক্ত জ্যাকেট ওয়াটার নষ্ট হয় এবং অধিক কর্মঘণ্টা ব্যয় হয়। অন্যদিকে এই কেমিক্যালযুক্ত পানি কিছুটা ডেনে চলে যায় যা পরিবেশের জন্য ক্ষতিকারক। এই উদ্যোগের গৃহীত ব্যবস্থার মাধ্যমে জ্যাকেট ওয়াটার ডেনলাইনের সাথে HT ইনলেট লাইনের venting পয়েন্টের সংযোগ দেওয়া হবে। যার ফলশ্রুতিতে ডেন লাইন ভাঙ্গ ওপেন করলে জ্যাকেট ওয়াটার মেইনটেন্যান্স ট্যাংকে চলে যাবে এবং কেমিক্যাল ব্যয় ও কর্মঘণ্টার সাশ্রয় হবে এবং একই সাথে পরিবেশ দূষণ হতে রক্ষা পাবে।


01.02.23


Tahmid Chowdhury
Assistant Engineer (EEE)
B-R Powergen Ltd


01.02.23

Md. Ali Haider
Sub-Divisional Engineer (P & D)
B-R Powergen Ltd.


1.2.23

(Md. Nasim Mostakin)
Deputy Manager (F&A)
B-R Powergen Ltd.


1.2.23

Abdullah Al Mahmud
Superintending Engineer (P&D)
B-R Powergen Ltd.